

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 22.10.2024**

**Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) আর জি কর কান্ড এবং স্বাস্থ্য ক্ষেত্রে ১০ দফা দাবি নিয়ে ১৭ দিন ধরে চলা আমরণ অনশন জুনিয়ার ডাক্তাররা গতরাতে প্রত্যাহার করে নিয়েছেন।
- ২) কাঁচা মালের মূল্য বৃদ্ধির কারণে খ্যালাসেমিয়া সহ ৮-টি ওষুধের বর্ধিত দাম প্রত্যাহারের দাবি জানিয়ে মুখ্যমন্ত্রী, প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন।
- ৩) বামফ্রন্ট রাজ্যের ৬ টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ৫ টি আসনের জন্য তাদের প্রার্থী তালিকা প্রকাশ করেছে। প্রচার চলছে জোরকদমে।
- ৪) উত্তর আন্দামান সাগরে ঘনীভূত গভীর নিম্নচাপ সাইক্লোনের আকার নিয়ে আগামী বৃহস্পতিবার বাংলা এবং ওড়িশা উপকূলে আছড়ে পড়ার সম্ভাবনা। উপকূলীয় জেলাগুলিতে ঝাড় মোকাবিলায় সজাগ প্রশাসন।

---

আর জি কর কান্ড এবং স্বাস্থ্য ক্ষেত্রে ১০ দফা দাবি নিয়ে ১৭ দিন ধরে চলা আমরণ অনশন জুনিয়ার ডাক্তাররা গতরাতে প্রত্যাহার করে নিয়েছেন। গতকাল নবান্নে মুখ্যমন্ত্রী মতা ব্যানার্জীর সঙ্গে বৈঠক শেষ ধর্মতলায় ফিরে এসে অনশনকারীদের সঙ্গে কথা বলার পর তারা এই সিদ্ধান্ত জানান। একই সঙ্গে আজকের প্রস্তাবিত স্বাস্থ্য

ধর্মঘটও প্রত্যাহারে সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে। শনিবার ফ্রন্টের পক্ষ থেকে আর জি কর মেডিকেল কলেজ চত্বরে ডাক দেওয়া হয়েছে গণ কনভেনশনের।

অনশন মঞ্চে ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ডক্টরস ফ্রন্ট WBJDF-এর পক্ষে ডাক্তার দেবাশিষ হালদার বলেন, মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকে তারা পুরোপুরি সন্তুষ্ট না হলেও নির্যাতিতার বাবা-মা-র অনুরোধের প্রেক্ষিতে তাদের এই সিদ্ধান্ত। অনশনকারী জুনিয়ার ডাক্তার রুমেলিকা কুমার বলেন, স্বাস্থ্য ক্ষেত্রের বেহাল দশা সাধারণ মানুষ দেখতে পাচ্ছেন।

### বাইট রুমেলিকা

আগেই জানানো হয়েছে, গতকাল দু ঘন্টার কিছু বেশ সময় ধরে চলা এই বৈঠকে মুখ্যমন্ত্রী চিকিৎসকদের বেশির ভাগ দাবি দাওয়াই পূরণ হয়েছে জানিয়ে বলেন, বাকিগুলিও শীঘ্রই বিবেচনা করা হবে। তবে সব দাবি মেনে নেওয়া রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয় বলেও তিনি স্পষ্ট জানান। স্বাস্থ্য সচিবকে অপসারণের বিষয়টি গতকালও উত্থাপিত হলে মুখ্যমন্ত্রী তাকে অভিযুক্ত বলে মানতে চাননি। জুনিয়ার ডাক্তারদের পক্ষ থেকেও এব্যাপারে যুক্তি দেওয়া হয়।

### বাইট সিএম স্টুডেন্ট

বৈঠকে অংশ নেওয়া ১৭ জন জুনিয়ার চিকিৎসকের বেশ কিছু বিষয়ে বক্তব্যের সঙ্গে মুখ্যমন্ত্রী সহমত পোষণ করেন। হাসপাতালে সুস্থ সংস্কৃতি ফিরিয়ে আনা, থ্রেট কালচার বন্ধ করা, টাস্ক ফোর্স গঠনের মত সিদ্ধান্ত নেওয়া হয়। তাদের দাবি মেনে মার্চ মাসের মধ্যে ছাত্র সংসদ নির্বাচন প্রক্রিয়া শেষ করা এবং প্রতিটি মেডিকেল কলেজ ছাড়াও জেলা হাসপাতালগুলিতেও স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে অভিযোগ জানানোর জন্য কমিটি গঠিত হবে বলে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে।

আজ বিকেলের মধ্যে গতকালের বৈঠকে গৃহীত সিদ্ধান্তগুলি লিখিত আকারে জুনিয়ার ডাক্তারদের কাছে সরাসরি ইমেইল করে পাঠানো হবে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে।

---

কলকাতা পুরসভার চিকিৎসক তপব্রত রায়কে অন্যায়ভাবে আটকের প্রতিবাদ এবং কয়েক দফা দাবিতে গতকাল আইএমএ-র সদস্যরা কলকাতা পুরসভার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের সঙ্গে সাক্ষাত করেন। কোন অপরাধে ঐ চিকিৎসককে আটক করা হয়েছিল, সেই প্রশ্ন তোলেন তারা। পুরসভার পক্ষ থেকে এই বিষয়ে কোনো পদক্ষেপ নেওয়া হয়নি বলেও তাদের অভিযোগ। গত ১৫ ই অক্টোবর পুজো কার্নিভাল চলাকালীন প্রতিবাদী টিশার্ট এবং প্রতিকী অনশনকারী লেখা কালো ব্যাজ পরার কারণে পুলিশ তাকে আটক করে ময়দান থানায় নিয়ে যায়।

---

মালদার মিলকি গ্রামীণ হাসপাতালে রোগীরা ঠিকঠাক চিকিৎসা পরিষেবা পাচ্ছেন না বলে অভিযোগ উঠেছে। চিকিৎসা পরিকাঠামো উন্নয়ন সহ একাধিক দাবিতে ইংরেজবাজার ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ পার্থ সরকারের কাছে গতকাল ডেপুটেশন জমা দেন মিলকি ফুটবল অ্যাসোসিয়েশনের কর্মকর্তারা।

---

কাঁচামালের দাম বৃদ্ধির কারণে কেন্দ্রীয় সরকার থ্যালাসেমিয়া, যক্ষ্মা, মানসিক রোগ সহ আটটি অত্যাবশ্যিকীয় ওষুধের দাম পঞ্চাশ শতাংশ পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত নেওয়ায়, জনস্বার্থে তা পুনর্বিবেচনার আর্জি জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছেন।

চিঠিতে তিনি উল্লেখ করেন, এই ওষুধের দাম বৃদ্ধি পাওয়ায় দুরারোগ্য রোগে আক্রান্তদের আত্মীয় পরিজনরা একদিকে অসুবিধায় পড়বেন। এ ছাড়াও নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধির সঙ্গে জীবনদায়ী ওষুধের দাম বৃদ্ধি সাধারণ মানুষের কাছেও বড় ধাক্কা।

পাশাপাশি পশ্চিমবঙ্গের মত রাজ্য যেখানে রোগীদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেওয়া হয়ে থাকে ওষুধের দাম বৃদ্ধির ফলে সার্বিক ভাবে সরকারের আর্থিক বোঝা বাড়াবে বলেও তিনি জানিয়েছেন। এই সিদ্ধান্ত গোটা দেশে সুলভ স্বাস্থ্য পরিষেবা দেওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতা তৈরি করবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন।

উল্লেখ, কেন্দ্রীয় রসায়ন ও সার মন্ত্রকের অধীনস্থ ন্যাশনাল ফার্মাসিউটিক্যাল প্রাইজিং অথোরিটি সম্প্রতি বিজ্ঞপ্তি জারি করে যক্ষ্মা অ্যাজমা, থ্যালাসেমিয়া, মনোরোগ ও বিভিন্ন সংক্রমণজনিত রোগের ওষুধ তৈরির উপকরণের দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।

-----

চলন্ত ট্রেনে এক তরুণীর জোর করে ছবি তোলা ও বাধা দেওয়ায় তার সঙ্গীকে মারধরের অভিযোগে পুলিশ তিন জনকে গ্রেফতার করেছে। গতকাল তাদের শিয়ালদা আদালতে তোলা হলে বিচারক ১৮ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

জি আর পি সূত্রে জানা গেছে, রবিবার সন্ধ্যায় ওই তরুণী ও তার সঙ্গী ঢাকুরিয়া থেকে ট্রেনে ওঠে। পার্কসার্কাস থেকে ওঠা তিন যুবক তার ছবি তুলতে শুরু করলে বারবার বারণ করা সত্ত্বেও তারা তাতে কান দেয়নি। এরপর ঐ তরুণী ক্ষিপ্ত হয়ে এক অভিযুক্তকে চড় মারলে ঐ তিনজন তার পুরুষ সঙ্গীকে ঘিরে ধরে মারধর শুরু করে। পরে ট্রেনটি শিয়ালদায় পৌঁছলে রেল পুলিশ অভিযুক্তদের গ্রেপ্তার করে।

-----

বামফ্রন্ট , রাজ্যের ৬ টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ৫ টি আসনের জন্যে গতকাল তাদের প্রার্থী তালিকা ঘোষণা করেছে। হারোয়া বিধানসভা কেন্দ্র ছাড়া বাকি ৫ টি আসন অর্থাৎ সীতাই, মাদারিহাট, নৈহাটি, মেদিনীপুর, এবং তালডাংরা এই ৫ কেন্দ্রে প্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে।

কোচবিহারের সীতাই কেন্দ্রে এবার বামেদের প্রার্থী হচ্ছেন ফরওয়ার্ড ব্লকের অরুণ কুমার বর্মা। মাদারিহাট(সংরক্ষিত ) কেন্দ্রে বামফ্রন্ট প্রার্থী হচ্ছেন আরএসপির পদম গুঁরাও।

নৈহাটি বিধান সভা কেন্দ্রে সিপিআই (এম - এল) লিবারেশন এর দেবজ্যোতি মজুমদার, মেদিনীপুরে সিপিআইয়ের মণি কুন্তল খামরুই এবার প্রার্থী হচ্ছেন।

অন্যদিকে তালডাংরা আসনে সিপিআইএমের দেবকান্তি মোহন্তিকে প্রার্থী করা হয়েছে।

-----

রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে প্রচার চলেছে। নৈহাটি, তালডাংরা, মাদারিহাট, হাড়োয়া, সীতাই ও মেদিনীপুর - এই ৬-টি আসনের উপ-নির্বাচন ১৩-ই নভেম্বর।

মাদারিহাট বিধানসভায় বিজেপি প্রার্থী আজ ভোটের প্রচারে চা-বাগান এলাকায় যান। সঙ্গে ছিলেন মনোজ টিগ্লা। আলিপুরদুয়ারের অন্তর্গত এই বিধানসভার কিছুটা অংশ পড়েছে জলপাইগুড়িতে।

-----

নৈহাটি বিধানসভা উপনির্বাচনে তৃণমূল কংগ্রেস প্রার্থী সনৎ দে আজ মনোনয়নপত্র জমা দেন। ব্যারাকপুরের সাংসদ পার্থ ভৌমিক সহ অন্যান্য দলীয় নেতৃত্বের সঙ্গে ব্যারাকপুর মহকুমা শাসকের মনোনয়ন জমা দিয়েছেন তৃণমূল কংগ্রেস প্রার্থী।  
উল্লেখ্য আগামী ১৩ নভেম্বর এই কেন্দ্রের উপনির্বাচন। ভোট গণনা ২৩ নভেম্বর।

---

বিজেপি, রাজ্যে ছয়টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে সিভিক ভলান্টিয়ার নিয়োগ না করার দাবি জানিয়েছে। রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায়ের নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে এই দাবি জানান।

পরে সাংবাদিক বৈঠকে শ্রী চট্টোপাধ্যায় অভিযোগ করেন, সিভিক ভলান্টিয়াররা থানার প্রতিনিধি হলেও শাসকদলের হয়ে কাজ করে। সম্প্রতি লোকসভা নির্বাচনে সিভিক ভলান্টিয়াররা পুলিশের পোশাক পরে শাসকদলের দুষ্কৃতি হিসেবে ভোট দাতাদের ভয় দেখিয়েছে এবং শাসকদলের পক্ষে ভোট দেওয়ার জন্য বিভিন্ন প্রক্রিয়ায় তাদের পরিচালিত করেছে।

তাই ভোটের আগে সিভিক ভলান্টিয়ারদের বিরুদ্ধে কোন অভিযোগ এলে তাদের আগে থেকে গ্রেপ্তার করার দাবি জানানো হয়েছে।

---

বাংলাদেশ থেকে চোরাপথে ভারতে ঢুকে বিএসএফের হাতে গ্রেফতার হয়েছেন ১১ জন বাংলাদেশী। পাশাপাশি বাংলাদেশে গিয়ে আবার চোরাপথে ভারতে ঢুকে গ্রেফতার হয়েছেন দু'জন ভারতীয়। ঘটনাটি ঘটেছে গাইঘাটা থানার তেঁতুলবেড়িয়া বিএসএফ

আউটপোস্টের পিপলি এলাকায়। ধৃতদের বনগাঁ মহকুমা আদালতে পাঠালে বিচারক তাদের জেল হেফাজতের নির্দেশ দেন।

-----

বঙ্গোপসাগরে ঘনীভূত গভীর নিম্নচাপ সাইক্লোনের আকার নিয়ে আগামী বৃহস্পতিবার আছড়ে পড়তে পারে বাংলা এবং ওড়িশা উপকূলে। যার প্রভাবে আগামীকাল থেকে শুরু করে কয়েকটা দিন গাঙ্গেয় পশ্চিমবঙ্গে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে পূর্বাভাস আবহাওয়া দফতরের। দিঘা-সহ সমুদ্র উপকূলবর্তী এলাকাগুলিতে ইতোমধ্যেই বিশেষ সতর্কতার নির্দেশ দিয়েছে পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন।

দক্ষিণ ২৪ পরগনা জেলার সমস্ত ব্লক আধিকারিককেও জেলাশাসকের দফতর থেকে নির্দেশিকা পাঠানো হয়েছে। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন,

### ভয়েস ওভার

গতকালই মুখ্যসচিব মনোজ পন্থ কেন্দ্রীয় ক্যাবিনেট সচিব পি বি সোমনাথনের সঙ্গে উপকূলবর্তী জেলাগুলিতে ঘূর্ণিঝড় মোকাবিলায় গৃহীত পদক্ষেপ নিয়ে বৈঠক করেন।

-----

আইএসএল ফুটবলে আগামীকাল ইস্টবেঙ্গল, ওড়িশা এফ সি, র বিরুদ্ধে খেলবে। কলিঙ্গ স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। পাঁচ ম্যাচে ইস্টবেঙ্গল এখনো জয়ের মুখ দেখেনি। অন্যদিকে ওড়িশা এফ সি চার ম্যাচে পয়েন্ট চার।

-----